অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 5/27/2020 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

চলমান COVID-19 মহামারির মধ্যে, গভর্নর কুওমো মার্কিন সিনেটে একটি করোনাভাইরাস ত্রাণ বিল পাস করার আহ্বান জানিয়েছেন যা সকল আমেরিকানকে সাহায্য করবে

SALT বাতিলের আহ্বান জানানো হয়েছে

'আমেরিকানদের প্রথম আইন' ('Americans First Law') নবায়ন করার আহ্বান জানানো হয়েছে যেখানে জোর দিয়ে বলা হয়েছে, COVID-19 মহামারির আগে কর্পোরেশনে যে সংখ্যক কর্মী ছিল সেই একই সংখ্যককর্মী পুনরায় নিয়োগ না দিলে এই কর্পোরেশন সরকারি তহবিলের যোগ্য হতে পারবে না

নিউ ইয়র্কে সত্যিকারের সরকারি অবকাঠামো কর্মসূচি এবং অবকাঠামো প্রকল্প অনুমোদনের জন্য প্রেসিডেন্ট ট্রাম্পকে সমর্থন দানের জন্য আকুতি জানানো হয়েছে

সাতটি মেট্রিক পূরণের পরেই আজ নবম অঞ্চল পুনরায় শুরু করার যোগ্যতা অর্জন করেছে; লং আইল্যান্ড মধ্য-হাডসন ভ্যালি, রাজধানী অঞ্চল, পশ্চিম নিউ ইয়র্ক, মধ্য নিউ ইয়র্ক, নর্থ কান্ট্রি, ফিঙ্গার লেকস, সাউদার্ন টায়ার এবং মোহাক ভ্যালি অঞ্চলের সাথে যোগদান করবে

নিউ ইয়র্ক স্টেটে আরও 1,129 জনের করোনাভাইরাস নিশ্চিত করা হয়েছে - যা স্টেটব্যাপী 45টি কাউন্টিতে নতুন আক্রান্তের ঘটনাসহ মোট আক্রান্তের সংখ্যাকে 364,965-এ নিয়ে এসেছে

চলমান COVID-19 মহামারির মধ্যে গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ মার্কিন সিনেটে একটি করোনাভাইরাস রিলিফ বিল পাস করার আহ্বান জানান যা সকল আমেরিকানকে সাহায্য করবে এবং স্টেটের জন্য অবাধ অর্থ সহায়তা প্রদান করবে। পরবর্তী বিলে রাষ্ট্র ও স্থানীয় সরকার, কর্মরত পরিবার, রাষ্ট্রের পরীক্ষা এবং ট্রেসিং প্রচেষ্টা এবং একটি সত্যিকারের অর্থনৈতিক উদ্দীপককে প্রাধান্য দেওয়া উচিত, আর যে কর্পোরেশন তাদের শ্রমিকদের রক্ষা করে না এবং শুধুমাত্র নির্বাহী বা শেয়ারহোল্ডার সমৃদ্ধ করে তাদেরকে এমন কোনো বিলিপত্র না দিয়ে একটি বাস্তব সামাজিক উদ্দীপকে গুরুত্ব দিতে হবে। প্রতিনিধি পরিষদ (House of Representatives) ইতোমধ্যে এই বিলের পাশ করেছেন যার মধ্যে রয়েছে স্টেটের জন্য 500 বিলিয়ন মার্কিন ডলার এবং স্থানীয়দের জন্য 375 বিলিয়ন মার্কিন ডলার; সবচেয়ে ঝুঁকিপূর্ণদের জন্য মেডিকেইড অর্থায়ন; বর্ধিত SNAP

খাদ্য সহায়তা; 100 শতাংশ FEMA ফেডারেল সহায়তা; টেস্টিংয়ের জন্য অর্থায়ন; এবং SALT প্রত্যাহার করে COVID-19 দ্বারা সবচেয়ে বেশি প্রভাবিত স্টেটগুলিকে সাহায্য করার প্রস্তাবনা।

গভর্নর কুওমো মার্কিন সিনেটে SALT এর সীমাবদ্ধতা বাতিল করার জন্য তার আহ্বান পুনর্ব্যক্ত করেন। যে স্টেটগুলো COVID-19 দ্বারা সবচেয়ে বেশি আক্রান্ত তারা জাতীয় GDP-এর এক-তৃতীয়াংশের বেশি অবদান রাখে। তারা কেন্দ্রীয় সরকারের কাছ থেকে যা পেয়ে থাকে তার চেয়ে 10 বিলিয়ন মার্কিন ডলার কর বেশি পাঠায়, আর তারা যে ডলার পাঠায় তা আবার অন্য স্টেট ও বড় করপোরেশনকে পুনরায় বিতরণ করা হয়। এই একই স্টেট যারা COVID-19 দ্বারা সবচেয়ে প্রভাবিত হয়েছে, তারাই আবার 'ক্যাপ অন স্টেট' এবং স্থানীয় করের দ্বারা কঠিন ধাক্কা খেয়েছে, রাজনৈতিকভাবে উদ্দেশ্য প্রণোদিত মার্কিন ইতিহাসে প্রথম দ্বিগুণ ট্যাক্স যা 2017 সালে যুক্তরাষ্ট্রীয় কর আইন দ্বারা বাস্তবায়িত হয়েছিল।

গভর্নর 'আমেরিকানস ফার্স্ট ল' পাশ করার জন্য কংগ্রেসে তার আহ্বান নবায়ন করেন যাতে COVID-19 মহামারির কারণে কর্পোরেট বেইল আউট প্রতিরোধে সাহায্য করা যায়। গত 10 মে গভর্নরের প্রথম প্রস্তাবিত এই আইনে বলা হয়েছে যে, COVID-19 মহামারির আগে কর্পোরেশনের যে সংখ্যক কর্মী ছিল সেই সংখ্যক কর্মী পুনরায় নিয়োজিত না করলে একটি কর্পোরেশন সরকারি অর্থায়ন পাওয়ার যোগ্য হতে পারবে না।

গভর্নর আরও একটি সত্যিকারের সরকারি অবকাঠামো কর্মসূচি সমর্থন করা এবং নিউ ইয়র্কে অবকাঠামো প্রকল্প এগিয়ে নেওয়ার জন্য প্রেসিডেন্ট ট্রাম্পকে আকুতি জানিয়েছেন -- এই প্রকল্পের মধ্যে আছে লাগুয়ার্ডিয়া এয়ারট্রেন, ক্রস-হাডসন টানেল এবং দ্বিতীয় এভিনিউ সাবওয়ে সম্প্রসারণ--যার মাধ্যমে অর্থনীতিকে আরো বেগবান করতে সহায়তা করা যাবে।

গভর্নর আরও ঘোষণা করেছেন যে, সাতটি মেট্রিক পূরণের পরেই আজ লং আইল্যান্ড প্রথম ধাপে পুনরায় শুরু করার যোগ্যতা অর্জন করেছে; যার ফলে লং আইল্যান্ড মধ্য-হাডসন ভ্যালি, রাজধানী অঞ্চল, পশ্চিম নিউ ইয়র্ক, মধ্য নিউ ইয়র্ক, নর্থ কান্ট্রি, ফিঙ্গার লেকস, সাউদার্ন টায়ার এবং মোহাক ভ্যালি অঞ্চলের সাথে যোগদান করেছে।

"আমরা বুঝতে পারছি যে পুনরায় চালু করার জন্য স্টেটের দায়বদ্ধতা আছে,, কিন্তু একই সময়ে, কেন্দ্রীয় সরকারের একটি ভূমিকা আছে এবং আমরা এই সংকটের মধ্য দিয়ে কাজ করার সময় আমরা চাই তারা তাদের অংশ অবশ্যই পালন করবে," **গভর্নর কুওমো বলেন।** "ওয়াশিংটন এখন তাদের পরবর্তী বিল নিয়ে বিতর্ক করছে, যা খুলে দেয়া এবং পুনরুদ্ধারের ক্ষেত্রে সাহায্য করবে। পূর্বে বিলগুলি ব্যবসা এবং তাদের স্বার্থ রক্ষায় সাহায্য করেছে এবং এটা ঠিক আছে, কিন্তু এখন তাদের স্টেট এবং স্থানীয় সরকারকে সাহায্য করতে হবে যারা স্কুল এবং হাসপাতালে অর্থায়ন করে থাকে। স্টেট ও স্থানীয় সরকারকে অর্থায়ন না করলে জাতীয় কোনো পুনরুদ্ধার হতে পারে না - এটাই বাস্তবতা। এই ভাইরাস থেকে পুনরুদ্ধার রাজনীতির সাথে সম্পৃক্ত নয়-আমরা একটি ভাইরাসের সাথে লড়াই করছি এবং এই ভাইরাস একটি গণতান্ত্রিক বা রিপাবলিকান ভাইরাস নয়-

এবং একটি যুক্তরাষ্ট্রীয় করোনাভাইরাস ত্রাণ বিল পাস করার জন্য ফেডারেল সরকারকে এখন কাজ করতে হবে যা সম্মানীয় এবং ভদ্র এবং সব আমেরিকানদের জন্য সঠিক কাজ।"

পরিশেষে, গভর্নর আরও 1,129 জন নভেল করোনাভাইরাস আক্রান্তের ঘটনা নিশ্চিত করেছেন, যা নিউ ইয়র্ক স্টেট জুড়ে মোট নিশ্চিত আক্রান্তের সংখ্যা 364,965-তে নিয়ে এসেছে। মোট 364,965 জন ব্যক্তি যারা ভাইরাসের জন্য নিশ্চিতভাবে সনাক্ত হয়েছেন, তাদের ভৌগলিক অবস্থান নিম্নরূপ:

কাউন্টি	মোট ইতিবাচক	নতুন ইতিবাচক
Albany	1,796	3
Allegany	45	1
Broome	528	6
Cattaraugus	82	1
Cayuga	80	2
Chautauqua	78	1
Chemung	136	0
Chenango	125	2
Clinton	95	0
Columbia	380	7
Cortland	39	0
Delaware	78	1
Dutchess	3,847	13
Erie	5,810	57
Essex	36	0
Franklin	20	0
Fulton	198	2
Genesee	195	2
Greene	231	6
Hamilton	5	0
Herkimer	105	2
Jefferson	72	0
Lewis	20	0
Livingston	118	0
Madison	310	7

Monroe	2,791	29
Montgomery	82	2
Nassau	40,034	60
Niagara	972	7
NYC	199,968	667
Oneida	929	12
Onondaga	2,033	21
Ontario	198	3
Orange	10,292	15
Orleans	210	2
Oswego	105	1
Otsego	69	0
Putnam	1,227	5
Rensselaer	466	0
Rockland	13,047	28
Saratoga	465	2
Schenectady	673	5
Schoharie	49	0
Schuyler	11	0
Seneca	55	0
St. Lawrence	200	3
Steuben	241	1
Suffolk	39,258	59
Sullivan	1,340	2
Tioga	124	2
Tompkins	155	1
Ulster	1,645	7
Warren	252	1
Washington	228	0
Wayne	110	0
Westchester	33,186	79
Wyoming	82	0
Yates	39	2

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন